দৈনিক ইনকিলাব

25 MAY 2003
পৃষ্ঠা ... ২ ... কলাম ৩ ...

# মাধ্যমিক শিক্ষক সমিতির শিক্ষা ভবন ঘেরাও কর্মসূচী পালন ও স্মারকলিপি পেশ

স্টাফ রিপোর্টার ঃ মাধ্যমিক শিক্ষার জন্য পৃথক অধিদপ্তর, সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১ম শ্রেণীর পদমর্যাদা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পদে, সরকারী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতি দিয়ে পদায়নের দাবীতে সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি গতকাল (শনিবার) সকাল সাড়ে ১০টায় শিক্ষক জমায়েত, মানববন্ধন ও শিক্ষাভবন ঘেরাও কর্মসূচী পালন করেছে। পরে শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের নিকট এ বিষয়ে একটি স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে বলা হয়, অবিলম্বে শিক্ষকদের দাবী পূরণ না হলে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে আন্দোলনের পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হবে। সমাবেশে বক্তৃতা করেন, সমিতির সভাপতি রেহানা খানম, সহ-সভাপতি র উ জাহিদ, মহাসচিব আবুল কাশেম খান, যুগ্ম-মহাসচিব এস এম সিরাজুল হক মন্টুসহ অন্যান্য নেতৃবৃন্দ। সমাবেশ শেষে সমিতির পক্ষ থেকে ১২ সদস্য বিশিষ্ট এক প্রতিনিধি দল মাননীয় শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক-এর নিকট স্মারকলিপি পেশ করেন। এ সময় শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষক সমিতির উক্ত তিনটি দাবীর বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর সাথে বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রী এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন।